সমকাল

তারিখ ..... 23 APR 2017
পৃষ্ঠা ... কলাম ...

### বিশ্ববিদ্যালয়ে ভর্তি জালিয়াতি

# ঢাবি ছাত্রসহ গ্রেফতার ৪ এক অপহৃত উদ্ধার

■ টাঙ্গাইল প্রতিনিধি

দেশের বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তি জালিয়াতি চক্রের হোতা ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের ছাত্র আনোয়ার হোসেন রোকনসহ চারজনকে গ্রেফতার করেছে র‌্যাব। এ সময় তাদের হাতে অপহৃত এক ছাত্রকে উদ্ধার করা হয়।

গতকাল শনিবার টাঙ্গাইল র‌্যাব কার্যালয়ে সংবাদ সম্মেলনে র‌্যাবের কমান্ডার বীণা রানী দাস জানান, সংঘবদ্ধ চক্রটি টাকার বিনিময়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভুয়া পরীক্ষার্থী সেজে পরীক্ষা দিয়ে ছাত্র ভর্তি করে আসছে। ভর্তির পর কোনো প্রার্থী চুক্তি অনুযায়ী টাকা দিতে না পারলে অপহরণ করে টাকা আদায় করা হয়। টাঙ্গাইলের কালিহাতী উপজেলার খিলগাতী গ্রামের সালেহ সৌরভ দিনাজপুরের হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য জালিয়াত চক্রের সঙ্গে যোগাযোগ করেন। বিশ্ববিদ্যালয়ে এগ্রি-ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তির সুযোগও পান সৌরভ। তবে পছন্দ অনুযায়ী বিষয়ে সুযোগ না পাওয়ায় ভর্তি হতে অস্বীকৃতি জানান। চুক্তির চার লাখ টাকা দিতে না পারায় জালিয়াত চক্র গত ১৫ এপ্রিল টাঙ্গাইল সদর এলাকা থেকে তাকে অপহরণ করে। বিষয়টি সৌরভের বাবা র‌্যাবকে অবহিত করেন। গত শুক্রবার রাত সাড়ে ১২টার দিকে ঢাকার নীলক্ষেত থেকে মুক্তিপণ নেওয়ার সময় জালিয়াত চক্রের অপহরণকারীদের গ্রেফতার ও সৌরভকে উদ্ধার করা হয়। গ্রেফতার চারজন হচ্ছে নোয়াখালী জেলার সুধারামপুরের, এওজবালিয়া গ্রামের আনোয়ার হোসেন রোকন, ইসমাইল হোসেন রুবেল; টাঙ্গাইলের ঘাটাইল উপজেলার কাটালিয়া আটা গ্রামের আক্তারুজ্জামান খোকন ও শ্যামলী মাস্টারপাড়ার জাকারিয়া সরকার। জিজ্ঞাসাবাদে তারা জানায়, ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের কাছ থেকে প্রথমে তারা মূল মার্কশিট, সার্টিফিকেট ও প্রবেশপত্রের মূল কপি নিয়ে নেয়। এরপর ফরম পূরণের আইডেন্টিফিকেশন নাম্বার সংগ্রহ করে প্রবেশপত্র ডাউনলোড করে ফটোশপের মাধ্যমে প্রবেশপত্রের ছবি পরিবর্তন করে একজন মেধাবী ছাত্রকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করায়। এর বিনিময়ে একজনের কাছ থেকে চার থেকে পাঁচ লাখ টাকা পর্যন্ত নেয়। তাদের বিরুদ্ধে অপহরণের মামলা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর